# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

**সভার নামঃ** পরিচালনা পর্ষদ সভা, ২০১৬।

**তারিখঃ** ২২ এপ্রিল ২০১৬।

**স্থানঃ** কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ, সোনাডাঙ্গা, খুলনা।

অদ্যকার পরিচালনা পর্ষদের সভায় সভাপতিত্ব করেন গাজী মেডিকেল কলেজের মাননীয় চেয়ারম্যান জনাব ডা. গাজী মিজানুর রহমান। আলোচনার শুরুতে সভাপতি মহোদয় নিজের পরিচয় দিয়ে সবাইকে নিজ নিজ পরিচিতি তুলে ধরার অনুরোধ করেন। পরিচয় পর্ব শেষে সভাপতি মহোদয়কে International Mother Teresa Award'16 প্রাপ্তির জন্য পরিচালনা পর্ষদ তাকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানানো হয়। পরিচালনা পর্ষদ প্রতিষ্ঠানের পর পর দুটি পুরস্কার পাওয়াকে অনেক বড় সফলতা অর্জন বলে আখ্যায়িত করে প্রতিষ্ঠানের চেয়ারম্যান মহোদয়কে বিশেষ অভিনন্দন জানান। সভার শুরুতে পর্ষদ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক এবং বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ড. রেজাউল করিম সিদ্দিকী এর মৃত্যুতে একটি শোক প্রস্তাব গ্রহণ করেন।

**উপস্থিতিঃ**

পরিচালনা পর্ষদের মোট ১৫ জন সদস্যদের মোট ১১ জন সদস্য উপস্থিত ছিলেন। উপস্থিত সদস্যদের নাম ও পদবী নিম্নরুপ:

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | ডাঃ গাজী মিজানুর রহমান | চেয়ারম্যান |
| ২ | অধ্যাপক ডাঃ শৈলেন্দ্র নাথ মিস্ত্রী | সদস্য সচিব |
| ৩ | মিসেস তানিয়া রহমান | দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য |
| ৪ | গাজী তানজিনা মেহনাজ | প্রতিষ্ঠাতা সদস্য |
| ৫ | অধ্যাপক ড. মোঃ আহসান হাবিব | রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি |
| ৬ | অধ্যাপক ড. শাহরিয়ার জামান | রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি |
| ৭ | অধ্যাপক ডাঃ আব্দুল্লাহ আল মাহবুব | স্বাস্থ্য মন্ত্রণালয় প্রতিনিধি |
| ৮ | অধ্যাপক ডাঃ ইয়াছিন আলী গাজী | শিক্ষক প্রতিনিধি |
| ৯ | ডাঃ বঙ্গ কমল বসূ | শিক্ষক প্রতিনিধি |
| ১০ | মোঃ কামরুল হাসান | অভিভাবক প্রতিনিধি |
| ১১ | ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম | বিশেষজ্ঞ প্রতিনিধি |

**সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্তসমূহঃ**

১। প্রথমেই পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ করেন পর্ষদের সদস্য সচিব ও গাজী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. শৈলেন্দ্রনাথ মিস্ত্রী। প্রফেসর ড. শাহরিয়ার জামান পূর্ববর্তী রেজুলেশনের অগ্রগতি সম্বন্ধে আলোচনার অবতারনা করেন।

ক) গত সভার রেজুলেশন নং-২ - "২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তি নিয়ে আলোচনা করা হয় এবং আসন সংখ্যা ৯০ থেকে ১০০ তে রুপান্তরিত করার জন্য যে যে কাজগুলি করার কথা তার অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। অস্বচ্ছল মেধাবী কোটায় ভর্তির জন্য আবেদনপত্র যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে ০৫ জনকে মেধা তালিকায় ও ০২ জনকে অপেক্ষমান তালিকায় রাখার প্রাথমিক সিদ্ধান্ত রাখা হয়। সেক্ষেত্রে পরিচালনা পর্ষদের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের প্রতিনিধি নিয়ে গঠিত কমিটি এই যাচাই বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে" এর নিম্নলিখিত সংশোধনী আনা হয় - " অস্বচ্ছল মেধাবী কোটায় ভর্তির জন্য আবেদনপত্র যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে ০৫ জনকে মেধা তালিকায় ও ০২ জনকে অপেক্ষমান তালিকায় রাখার প্রাথমিক সিদ্ধান্ত রাখা হয়। সেক্ষেত্রে পরিচালনা পর্ষদের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের প্রতিনিধি নিয়ে গঠিত *০৬ (ছয়)* সদস্যের কমিটি এই যাচাই বাছাই প্রক্রিয়া সম্পন্ন ***করবে"***।

খ) পর্ষদ বিগত সভার ২ নং সিদ্ধান্তে সরকারি নীতিমালা অনুযায়ী ০৫ জন কে অস্বচ্ছল মেধাবী কোটায় ভর্তি করে। তবে আরো ০২ (দুই) জন ছাত্র-ছাত্রী অস্বচ্ছল ও মেধাবী কোটায় দুইজনকে বিনা খরচে অধ্যয়নের সুযোগ প্রদান করে যা পরিচালনা পর্ষদ অনুমোদন প্রদান করে।

গ) পরিচালনা পর্ষদ Education Tourism কে জনপ্রিয় করার জন্য এবং প্রক্রিয়াটি শুরু করার জন্য Medical Education Tourism নিয়ে একটি পাঁচ সদস্য বিশিষ্ট সাব কমিটি গঠনের পুনরায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সদস্যরা হলেন-

১. ডা. গাজী মিজানুর রহমান, আহবায়ক ও চেয়ারম্যান গাজী মেডিকেল কলেজ
২. অধ্যাপক ডা. শৈলেন্দ্র নাথ মিস্ত্রী, সদস্য ও অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ
৩. অধ্যাপক ডা. লস্কর শওকতুজ্জামান, সদস্য ও বিভাগীয় প্রধান, কমিউনিটি মেডিসিন বিভাগ, গাজী মেডিকেল কলেজ
৪. ডা. ওয়াহিদা সুলতানা, সদস্য ও সহযোগী অধ্যাপক, ফিজিওলজি বিভাগ, গাজী মেডিকেল কলেজ
৫. ডা. নুরসেরাত আহমেদ, সদস্য ও সহকারি অধ্যাপক, গাজী মেডিকেল কলেজ

ঘ) ২০১৫-১৬ সালের উন্নয়ন আলোচনায় প্রাধান্য পায় কলেজের স্থায়ী ক্যাম্পাসের জন্য KDA plan পাশ করার বিষয়টি যা KDA তে পাঠানো হয়েছে এবং সভার সভাপতি কেন এই প্রক্রিয়া সম্পন্ন হতে দেরি হচ্ছে তার বিস্তারিত বিবরণ দিয়ে বলেন, খুব শীঘ্রই এই প্রক্রিয়া সম্পন্ন হবে এবং আমাদের কলেজের জন্য স্থায়ী ক্যাম্পাসের কাজ শুরু হবে।

এইসব বিষয় আলোচনা, পর্যালোচনা, পরিবর্তন ও পরিবর্ধন করে গত পর্ষদ সভার রেজুলেশন এর অনুমোদন প্রদান করা হয়।

২। বিগত পর্ষদ সভা থেকে এই সভা পর্যন্ত যেসব উন্নয়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে তার একটি বিবরণ উক্ত সভায় উপস্থাপন করেন পর্ষদ সদস্য ডাঃ বঙ্গ কমল বসু (বিবরণ সংযুক্ত)।

৩। ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ শিক্ষাবর্ষের আন্ডারস্কোর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি, কোর্টের রায় ও রেজিস্ট্রেশন করা এবং আগামী ০২ মে ২০১৬ অনুষ্ঠিত হতে যাওয়া ১ম প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করার যথাবিহিত এবং তড়িৎ ব্যবস্থা গ্রহণ করার জন্য পর্ষদের সম্মানিত দুইজন সদস্য যারা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি তাদের অনুরোধ করা হয়।

৪। অদ্যকার সভায় সভার সদস্য সচিব ২০১৬-১৭ শিক্ষাবর্ষের বাজেট প্রস্তাব করেন। বজেটের উপর উপস্থিত সদস্যবৃন্দ বিশদ আলোচনা করেন এবং কিছু সংশোধনী আনেন। উক্ত সংশোধনী গ্রহন স্বাপেক্ষে বিভিন্ন জিনিসের দামের উর্ধ্বগতি বাজেটের ব্যবস্থাপনার অস্থিতিশীলতার অবস্থা বিবেচনায় রেখে প্রস্তাবিত বাজেটের আয় ব্যায়ের বিষয়গুলিকে যদি কোন প্রকার সংশোধনঅ আনতে হয় সেক্ষেত্রে সম্পূরক বাজেট প্রনয়ন প্রয়োজন পড়লে বডির চেয়ারারম্যান ও সদস্য সচিবকে উক্ত সম্পূরক বাজেট প্রনয়নের ক্ষমতা প্রদান স্বাপেক্ষে বাজেটের অনুমোদন প্রদান করা হয়।

৫। পরিচালনা পর্ষদেও মেয়াদ উত্তীর্ণ শিক্ষক প্রতিনিধিদের নির্বাচনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৬। গাজী মেডিকেল কলেজের শিক্ষক নিয়োগের নিমিত্তে পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে প্রতি বছরান্তে শূণ্য পদে নিয়োগবোর্ড স্থাপন করে নিয়োগ প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৭। গাজী মেডিকেল কলেজের সায়েন্টিফিক কমিটি আরো সক্রিয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। এর জন্য পর্ষদের সুপারিশ হলো এই কমিটিতে মধ্যম বয়সের, এনার্জেটিক ও আগ্রহী পেশাদারদের নিয়ে কমিটি গ্রঠন করা এবং সাথে সাথে গবেষণার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ফান্ডের জন্য আবেদন করা।

৮। অদ্যকার সভায় গাজী মেডিকেল কলেজের এনেস্থিসিয়া বিভাগের সহকারি অধ্যাপক ডাঃ মামুনুর রশীদ ও কমিউনিটি মেডিসিন বিভাগের প্রভাষক ডাঃ নাজিয় নাজনিন এর আবেদনের প্রেক্ষিতে তাদেরকে শর্তস্বাপেক্ষে যথাক্রমে সহযোগী অধ্যাপক (চঃ দাঃ) এবং সহকারি অধ্যাপক (এ্যাডহক) হিসাবে পদোন্নতি দেয়ার সুপারিশ করা হলো।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ জ্ঞাপন করে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডাঃ গাজী মিজানুর রহমান
সভাপতি, পরিচালনা পর্ষদ এবং
চেয়ারম্যান, গাজী মেডিকেল কলেজ

সম্মানিত সকল সদস্যেবৃন্দের অবগতির জন্য রেজুলেশনের অনুলিপি প্রদান করা হলো।

অধ্যাপক ডাঃ শৈলেন্দ্রনাথ মিস্ত্রী
সদস্য সচিব, পরিচালনা পর্ষদ এবং
অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ

# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

সবাইকে শুভেচ্ছা। গাজী মেডিকেল কলেজের চেয়ারম্যান মহোদয় পর পর দুটি আন্তর্জাতিক পুরষ্কার লাভ করেন। এই জন্য সভার শুরুতেই তাকে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি। প্রথমটি ছিল স্বাস্থ্য সেবা ও চিকিৎসা শিক্ষা বিস্তারের জন্য গত নভেম্বর ২০১৫ তে ইউরোপ বিজনেস এ্যাসেম্বলি কর্তৃক ম্যানেজার অব দ্যা ইয়ার ২০১৫"। আর দ্বিতীয়টি শিক্ষা বিস্তারে অসামান্য অবদান রাখায় জানুয়ারী ২০১৬ তে "মাদার তেরেসা আন্তর্জাতিক এ্যাওয়ার্ড ২০১৬" পুরষ্কার গ্রহণ করেছেন।

**প্রাতিষ্ঠানিক (শিক্ষা কার্যক্রম) উন্নয়নঃ**

১. ছাত্র-ছাত্রী ভর্তিঃ ২০১৫-১৬ শিক্ষা বছরে মোট ১০০ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে। যার মধ্যে ৬৯ জন দেশি ও ৩১ জন বিদেশী (২৭ জন ভারতীয় ও ৪ জন নেপালি)।
২. ২০১৫-১৬ শিক্ষা বছরে মোট ০৭ জন গরীব ও মেধাবী কোটায় ভর্তি করা হয়েছে। এদের মধ্যে কলেজ তার নিজস্ব খরচে ০২ জন ছাত্র-ছাত্রীকে পড়ানোর ব্যবস্থা করেছে।
৩. কলেজ নিয়মিতভাবে বিভিন্ন ধরনের সেমিনার ও সিম্পজিয়াম আয়োজন করে চলেছে। যার মধ্যে সাপ্তাহিক সায়িন্টিফিক সেমিনার, মাসিক ইন্টিগ্রেটেড সেমিনার উল্লেখযোগ্য। এছাড়া বিভিন্ন সময়ে বিষয়ভিত্তিক সেমিনার আয়োজন করা হয়।
৪. গার্ডিয়ান মিটিংঃ ছাত্র-ছাত্রীদের ক্লাশে উপস্থিতি ও পরীক্ষায় ভালো ফলাফলের নিমিত্তে নিয়মিত গার্ডিয়ান মিটিং, ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধকরণ মিটিং আয়োজন করা হয়েছে। এমনকি তাদের ফলাফল এবং ক্লাশের উপস্থিতি মোবাইল ফোনের মাধ্যমে তাদের অভিভাবকদের অবহিত করা হয়।
৫. গাজী মেডিকেল কলেজ WHO World Medical Directory তে স্থান পাওয়া, ভারত ও নেপাল মেডিকেল কাউন্সিলের অনুমোদন, বাংলার জল ও হিনারির নম্বর প্রাপ্তি, গবেষণা সেলের তিনটি প্রকল্প পাওয়া ইত্যাদি।
৬. কলেজের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসরণ করে প্রাতিষ্ঠানিক ও প্রশাসনিক জনবল নিয়োগ করা হয়।

**অবকাঠামোগত উন্নয়নঃ**

১. কলেজ ক্যাম্পাস তৈরির জন্য KDA প্লান পাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে।
২. লাইব্রেরির উন্নয়নকল্পে এর জায়গা বৃদ্ধিসহ পড়ার টেবিল ও চেয়ার বাড়ানো হয়েছে। নতুন বই ক্রয়ের জন্য কোটেশন গ্রহন করা হয়েছে যা অতি দ্রুত কেনার ব্যবস্থা করা হয়েছে।
৩. পড়াশুনার জন্য চক্ষু, নাক-কান-গলা সহ কয়েকটি ওয়ার্ড বাড়ানো হয়েছে।
৪. বিশাল পরিসরে ১৫০ আসন বিশিষ্ট আরো একটি লেকচার গ্যালারি করা হয়েছে যেটা নিয়ে মোট লেকচার গ্যালারির সংখ্যা ০৫ টি।

**অর্থনৈতিক উন্নয়নঃ**

১. কলেজের অর্থনৈতিক অবস্থা এখন পর্যন্ত স্থিতিশীল নয় কারন কলেজের উন্নয়নকল্পে যে ধরনের কাজ করা হয় তা ব্যাংক রিনের দ্বারা পরিচালিত।
২. ২০১৬-১৭ এর বাজেট এখানে উপস্থাপন করা হলো।

সামজিক উন্নয়নঃ

১. গাজী মেডিকেল কলেজ হাসপাতাল প্রতি সপ্তাহে একটি করে ফ্রি মেডিকেল ক্যাম্প পরিচালিত হচ্ছে।

২. এছাড়াও কলেজের শিক্ষা কার্যক্রম আরো সহজ করার জন্য কয়েক ধরনের অস্ত্রপাচার ফ্রি করা হয়েছে।

৩. কলেজের ষান্মাসিক জার্নাল 'মেডিস্কোপ' এর তৃতীয় সংখ্যা অনলাইনে প্রকাশ করা হয়েছে এবং প্রিন্টিং এর কাজ দ্রুত এগিয়ে চলেছে। এছাড়াও বাৎসরিক দেয়াল পত্রিকা প্রকাশ করা হয়।

৪. ডিসেম্বর ২০১৫ তারিখ শুরু হওয়া গাজী মেডিকেল কর্তৃক প্রকাশিত হওয়া স্বাথ্য বার্তা "হেলথ বুলেটিন" এই এলাকার মানুষের মধ্যে দারুন সাড়া ফেলেছে। মার্চে এর ৪র্থ সংখ্যা প্রকাশিত হয়।

৫. ছাত্র-ছাত্রীদের নিজস্ব উদ্যোগে এখানে একটি ব্লাড ব্যাংক গড়ে উঠেছে।

সাংস্কৃতিক উন্নয়নঃ

১. বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক সপ্তাহ উদযাপিতঃ
একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে গাজী মেডিকেল কলেজ বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক সপ্তাহ উদযাপর করে। ডিসেম্বরের ০৯-১৬ তারিখ উদযাপিত অনুষ্ঠানমালা শেষ হয় ১৬ ডিসেম্বর তারিখে একদিন ব্যাপি সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে।

২. মহান ২১ শে ফেব্রুয়ারী ও ২৬ মার্চ উদযাপন করা হয় জাতীয় সংগীত, প্রভাত ফেরী/র‍্যালী এবং পুস্প স্তবক অর্পণের মধ্য দিয়ে। এছাড়া ২৬ শে মার্চ উপলক্ষে শিক্ষক-শিক্ষিকাদের অংশগ্রহণে একটি সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

৩. ঈদ-ই-মিলাদুন্নবীঃ পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং মিলাদ শেষে সবার মাঝে তাবারক বিতরণ করা হয়।

৪. সরস্বতী পূজাঃ সরস্বতী পূজা উপলক্ষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং সকল শিক্ষকবৃন্দ, ছাত্র-ছাত্রী এবং সকল কর্মকর্তাবৃন্দের মধ্যে দুপুরের খাবার বিতরণ করা হয়। পূজা উপলক্ষে কলেজ কর্তৃপক্ষ প্রতিবারের মত এবারও একটি আকর্ষণীয় স্যুভেনিওর প্রকাশ করে।

৫. বিদেশী ছাত্র ছাত্রীদের ভারতের প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। যেহেতু ভারতীয় ছাত্র-ছাত্রী বেশী সেহেতু তাদের এই দিবসটি অনাড়ম্বরপূর্ণভাবে উদযাপন করা হয়।